

চাটমোহর উপজেলার আইসিটি কমিটির সেপ্টেম্বর/২০১৯ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : সরকার অসীম কুমার, উপজেলা নির্বাহী অফিসার, চাটমোহর, পাবনা।
স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।
তারিখ : ২৯ সেপ্টেম্বর ২০১৯ খ্রি:

সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ় করণ করা হয়। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

১। সভার আলোচনা এবং সিদ্ধান্ত :

ক্রঃ নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.১	উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টালের তথ্য : এ উপজেলার প্রতিটি অফিসের নিজস্ব উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। পাশাপাশি শিক্ষাপ্রতিষ্ঠান গুলোতে ডাইনামিক ওয়েবসাইট নির্মাণে দক্ষ ভেতর প্রতিষ্ঠান এর সাথে যোগাযোগ করা হবে বলে আলোচনা করা হয়।	প্রতিটি দপ্তরের প্রধানগণ তার কার্যালয়ের ওয়েব পোর্টাল সংক্রান্ত যাবতীয় তথ্য হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ ব্যাপারে সহকারী প্রোগ্রামার প্রয়োজনীয় সহায়তা করবেন। এবং মাধ্যমিক শিক্ষা অফিসার এ ব্যাপারে প্রতিষ্ঠান গুলোকে প্রয়োজনীয় দিক নির্দেশনা দিবেন।	দপ্তর প্রধানগণ, উপজেলা সহকারী প্রোগ্রামার ও মাধ্যমিক শিক্ষা অফিসার
১.২	মাল্টিমিডিয়া ক্লাস রুম এর কার্যক্রম এর বিষয়ে আইসিটি শিক্ষকদের পাশাপাশি অন্য বিষয়ের শিক্ষকেরা যেন মাল্টিমিডিয়া ক্লাস রুম ব্যবহারে দক্ষতা অর্জন করে সেই বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ এর করণীয় বিষয় এ আলোচনা হয়।	মাল্টিমিডিয়া ক্লাস রুম এর কার্যক্রম এর রিপোর্ট নিয়মিত আপলোড করতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নির্দেশ প্রদান ও তদারকি করবেন। এবং উপজেলা সহকারী প্রোগ্রামার মাল্টিমিডিয়া ক্লাস রুম এর কার্যক্রম ব্যবহারে প্রয়োজনীয় কারিগরি দিকনির্দেশনা দিবেন।	মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা সহকারী প্রোগ্রামার।
১.৩	ইনোভেশনঃ মুজিববর্ষকে সামনে রেখে উপজেলায় চলমান ইনোভেশন নিয়ে আলোচনা করা হয়। এবং উপজেলা নির্বাহী অফিসার এর ৩ টি বোল্ড বিবাহ Apps , হোল্ডিং ট্যাক্স ম্যানেজমেন্ট ও ডিজিটাল অফিস ম্যানেজমেন্ট সিস্টেম) ইনোভেশন কার্যক্রম নিয়েও আলোচনা করা হয়। অন্যান্য সদস্যদের ও ইনোভেশন প্রজেক্ট জমা দেওয়ার জন্য আলোচনা হয়।	ইনোভেশন কমিটির সদস্যরা প্রত্যেকে অন্তত একটা করে ইনোভেশন আইডিয়া প্রদান ও তার বাস্তবায়ন করবেন।	ইনোভেশন কমিটির সকল সদস্য।
১.৪	ই-নথি বাস্তবায়নঃ উপজেলায় যে সকল প্রতিষ্ঠান এ ই-নথিতে লাইভ এ আছে সেগুলোতে ই-নথি কার্যক্রম চালু করার বিষয় এ আলোচনা হয়। এবং যে সকল প্রতিষ্ঠান লাইভ এ নাই তাদের জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা দেওয়া হয়।	উপজেলায় ই-নথি কার্যক্রম এর আওতাভুক্ত অফিস গুলোতে ই-নথি চালু করতে উপজেলা সহকারী প্রোগ্রামার প্রয়োজনীয় সহায়তা করবেন এবং পূর্বের মাসে চাটমোহর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় পাবনা জেলার মধ্যে ২য় স্থানে অবস্থান করেছে। সারাদেশের শ্রেষ্ঠাংশে অবস্থান উন্নয়ন করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার , ই-নথি কার্যক্রমে আওতাভুক্ত দপ্তর প্রধানগণ ও উপজেলা সহকারী প্রোগ্রামার
১.৫	ইউনিয়ন ডিজিটাল সেন্টার নিয়মিত মনিটরিং করণ।	ডিজিটাল সেন্টারের উদ্যোগগত নিয়মিত সেবা প্রদান করছেন কিনা এবং তাদের আয়ের রিপোর্ট নিয়মিত একসেবায় সিস্টেমে প্রদান করছেন কিনা তা নিয়মিত তদারকি করার	উপজেলা সহকারী প্রোগ্রামার

		জন্যে উপজেলা সহকারী প্রোগ্রামার , চাটমোহর , পাবনা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।	
১.৬	শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব / শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন : এ বিষয়ে বিস্তারিত আলোচনাকালে উপজেলা সহকারী প্রোগ্রামার জানান যে, ০৭ টি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে।	পরিদর্শন চলমান রয়েছে। পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সহকারী প্রোগ্রামার
১.৭	উপজেলা আইসিটি সভায় উপজেলা সহকারী প্রোগ্রামার উপস্থিতি :	উপজেলা সহকারী প্রোগ্রামার সভায় উপস্থিত থেকে উপজেলা আইসিটি কমিটির সভার সদস্য সচিব হিসাবে দায়িত্ব পালন করবেন উপজেলার আইসিটি বিষয়ক সমস্যা ও সম্ভাবনা নিয়ে আলোচনা করবেন এবং তা উপজেলা আইসিটি কমিটির সভায় আলোকপাত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সহকারী প্রোগ্রামার
১.৮	উপজেলা আইসিটি কমিটির সভার অনুষ্ঠান : উপজেলা আইসিটি কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	উপজেলা আইসিটি কমিটির সভা নিয়মিতভাবে অনুষ্ঠান এবং কমিটির সকল সদস্যের উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(সরকার অসীম কুমার)
উপজেলা নির্বাহী অফিসার


ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
চাটমোহর, পাবনা।

স্মারক নং :

তারিখ : ২৯ সেপ্টেম্বর ২০১৯ খ্রি:

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

১. জেলা প্রশাসক, পাবনা।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাটমোহর, পাবনা।
৩. উপজেলা অফিসার, চাটমোহর, পাবনা।



মোঃ আব্দুল্লাহ আল নোমান
সহকারী প্রোগ্রামার

ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি
চাটমোহর, পাবনা।